যায়যায়দিন

তারিখ SEP 28 2006
পৃষ্ঠা ৩ কলাম ৫

দুটি ইউনিভার্সিটির বিরুদ্ধে অভিযোগ

# ১২ দিন ক্লাস ও ১৪ হাজার টাকায় উচ্চতর ডিগ্রির সার্টিফিকেট মিলছে

যাযাদি রিপোর্ট

রাস্তার পাশে একটি দোকানঘর ভাড়া নিয়ে বিএড, এমএড এবং অনার্স-মাস্টার্সের সার্টিফিকেট দিচ্ছে শান্ত মারিয়ম ইউনিভার্সিটি এবং এশিয়ান ইউনিভার্সিটি অফ বাংলাদেশ। শুধু তাই নয়, কোনো ধরনের অবকাঠামো বা ব্যবহারিক উপকরণ ছাড়াই ১২ দিন ক্লাস নিয়ে মাত্র ১৪ হাজার টাকার বিনিময়ে মিলছে এসব সার্টিফিকেট।

গতকাল বুধবার উত্তরাঞ্চলের আটটি জেলার শতাধিক অভিভাবক ও শিক্ষার্থীর পক্ষ থেকে শিক্ষা সচিব ও ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন (ইউজিসি) চেয়ারম্যানকে দেয়া এক স্মারকলিপিতে এসব অভিযোগ করা হয়।

স্মারকলিপিতে নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট ও গাইবান্ধা জেলার শিক্ষার্থী এবং অভিভাবকরা অবিলম্বে ইউনিভার্সিটি দুটির এসব আঞ্চলিক ও স্টাডি সেন্টার বন্ধ ঘোষণাসহ এদের